

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২০৫৬

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ গণক, জ্যোতিষী ইত্যাদি ভবিষ্যদ্বক্তার নিকট গমন নিষেধ

আরবী

وَعَنْ مُعاوِيَةَ بِنِ الحَكَمِ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللهِ إِنِّي حَدِيثُ عَهْدِ بِالجَاهِلِيَّةِ وَقَدْ جَاءَ اللهُ تَعَالَى بِالإِسْلاَمِ وَإِنَّ مِنَّا رِجَالاً يَأْتُونَ الكُهَّانَ؟ قَالَ فَلاَ تَأْتِهِمْ قُلْتُ: وَمِنَّا رِجَالاً يَأْتُونَ الكُهَّانَ؟ قَالَ فَلاَ تَأْتِهِمْ قُلْتُ: وَمِنَّا رِجَالٌ يَخُطُّونَ؟ يَتَطَيَّرُونَ؟ قَالَ ذَلِكَ شَيْءٌ يَجِدُونَهُ فِي صَدُورِهِمْ فَلاَ يَصَدُّهُمْ قُلْتُ: وَمِنَّا رِجَالٌ يَخُطُّونَ؟ قَالَ ذَلِكَ شَيْءٌ يَجِدُونَهُ فَمَنْ وَافَقَ خَطَّهُ فَذَاكَ رواه مسلم

বাংলা

(২০৫৬) মুআবিয়াহ ইবনে হাকাম (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি নিবেদন করলাম, 'হে আল্লাহর রসূল! আমি জাহেলী যুগের অত্যন্ত নিকটবর্তী (অর্থাৎ আমি অল্পদিন হল অন্ধযুগ থেকে নিষ্কৃতি পেয়েছি) এবং বর্তমানে আল্লাহ আমাকে ইসলামে দীক্ষেত করেছেন। আমাদের কিছু লোক গণকদের নিকট (ভাগ্য-ভবিষ্যৎ জানতে) যায়।' তিনি বললেন, ''তুমি তাদের কাছে যেও না।'' আমি বললাম, 'আমাদের কিছু লোক অশুভ লক্ষণ মেনে চলে।' তিনি বললেন, ''এ এমন জিনিস, যা তারা নিজেদের অন্তরে অনুভব করে। সুতরাং এ (সব ধারণা) যেন তাদেরকে (বাঞ্ছিত কর্মে) বাধা না দেয়।'' আমি নিবেদন করলাম, 'আমাদের মধ্যে কিছু লোক দাগ টেনে শুভাশুভ নিরূপণ করে।' তিনি বললেন, ''(প্রাচীনযুগে) এক পয়গম্বর দাগ টানতেন। সুতরাং যার দাগ টানার পদ্ধতি উক্ত পয়গম্বরের পদ্ধতি অনুসারে হবে, তা সঠিক বলে বিবেচিত হবে (নচেৎ না)।

ফুটনোট

(মুসলিম ১২২৭, ৫৯৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু হাকাম (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন